# দায়িত্বশীলভাবে নিশাচর বানর গোত্রীয় (প্রাইমেট) প্রাণী পর্যবেক্ষনের জন্য

A publication of The IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions

Magdalena S. Svensson[1,2], Sharon Gursky[3] & Angela M. Maldonado[1,4]

[1] *IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions &*

[2] *Nocturnal Primate Research Group, Oxford Brookes University, UK*
[3] *Department of Anthropology, Texas A&M University, College Station, TX, USA*
[4] *Fundacion Entropika, Leticia, Colombia*

*Translation by:* ***Marjan Maria***
*Translation edited by:* ***Hassan Al-Razi***

## ভূমিকা

নিশাচর বানর গোত্রীয় প্রাণী প্রায় সারা বিশ্বেই দেখা যায়, আমেরিকায় নাইট মাঙ্কি, আফ্রিকায় পোটোস, অ্যাংওয়ান্টিবোস এবং গ্যালাগোস, মাদাগাস্কারে লেমুর এবং এশিয়ায় লরিস এবং টারসিয়ার। প্রাইমেট ট্যুরিজম বৃদ্ধির মানে হলো নিশাচর প্রাইমেটদের সাথে সম্পর্কিত পর্যটন কার্যকলাপও বৃদ্ধি পাওয়া। এই কার্যকলাপের মধ্যে রয়েছে নিশাচর প্রাইমেটদের আবাসস্থলের মধ্য দিয়ে নির্দেশিত পথ ধরে হেটে তাদেরকে দেখা। নিশাচর প্রাইমেট ট্যুরিজমের মধ্যে আরও রয়েছে আধা-বন্দী পরিবেশে প্রদর্শিত প্রাণী, হোটেলে রাখা প্রাণীদের খাওয়ানোর জন্য আসতে উৎসাহিত করা বা পর্যটকদের মনোরঞ্জন করার জন্য দিনের আলোতে নিশাচর প্রাইমেট প্রদর্শিত করা এবং এইগুলো প্রাইমেট কল্যাণকে নেতিবাচক ভাবে প্রভাবিত করতে পারে।

নিশাচর প্রাইমেটদের সাধারণত পরিপূর্ন বিকশিত ইন্দ্রিয় থাকে, যেমন দৃষ্টি বা দর্শন ইন্দ্রিয়। অনেকেরই শরীরের তুলনায় বড় চোখ থাকে এবং রাতের কম আলোর সাথে খাপখাইয়ে নেয়ার জন্য চোখের আকারের তুলনায় বড় কর্নিয়া থাকে। তাই, তারা কৃত্রিম আলোর প্রতি অত্যন্ত সংবেদনশীল (যেমন, উজ্জ্বল সাদা আলো, LED আলোর উৎস এবং ক্যামেরার ফ্ল্যাশ) এবং দিনের আলোতে রাখলে তাদের স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। নিশাচর প্রাইমেটদের সংবেদনশীল শ্রবণশক্তিও রয়েছে তাই অত্যধিক শব্দ এদের জন্য ক্ষতিকারক, যার ফলে তাদের স্বাভাবির জীবনযাত্রা বিঘ্নিত হতে পারে। যেমনঃ মানসিক চাপ এবং স্বাস্থ্য সমস্যা সৃষ্টি করতে পারে এবং তাদের প্রজনন সাফল্য হ্রাস পেতে পারে। ট্যুর অপারেটর/ট্যুর গাইড বেছে নেওয়ার সময়, নিশ্চিত করুন যে তারা নীচের নির্দেশনা গুলি অনুসরণ করে।

# নির্দেশনা

## দেখতে যাওয়ার আগে

- আপনার কাছ থেকে স্থানীয় লোকজন বা প্রাইমেটদের কাছে ছড়িয়ে পড়তে পারে এমন সংক্রমক রোগগুলির প্রতিশধোক টিকা এবং পরীক্ষাগুলি আপনার আপ টু ডেট আছে কিনা তা নিশ্চিত করুন।
- যদি আপনি অসুস্থ বোধ করেন বা অসুস্থতার কোনো লক্ষণ দেখা দেয় তাহলে প্রাইমেটদের এড়িয়ে চলুন, এতে করে রোগ সংক্রমণের ঝুঁকি কম হয়।
- ছোট গ্রুপে থাকুন, সর্বোচ্চ ছয়জন পর্যন্ত হলে ভালো হয়। এতে করে গাইড (গাইডরা) সহজেই রাতে সকলে নিরাপত্তা নিশ্চিত করতে পারে। ছোট দল প্রাইমেটদের কম বিরক্ত করবে এবং পাশাপাশি আরোও প্রাইমেট এবং অন্যান্য বন্যপ্রাণী দেখার সম্ভাবনা বেশী থাকবে।
- প্রাইমেটদের বিরক্ত না করার জন্য, পারফিউম ব্যবহার করা থেকে বিরত থাকুন।
- নিশাচর প্রাইমেটদের বিরক্ত না করার জন্য অংশগ্রহণকারীদের সাধারণ সাদা আলো পরিবর্তে লাল আলোর ব্যবহার নিশ্চিত করতে হবে। নিশাচর প্রাণীরা লাল আলো সনাক্ত করতে পারে না বলে সমস্যা হয় না। সাদা আলোর উৎস চোখের সাময়িক, এমনকি দীর্ঘমেয়াদী ক্ষতির কারন হতে পারে। মানুষের চোখ লাল আলোতে দেখতে অভ্যস্ত হতে কিছু সময় নেয় তবে আপনার চোখ শেষ পর্যন্ত এটির সাথে খাপখাইয়ে নিতে পারে। যাইহোক, যদি গ্রুপের একজন সদস্যও যদি এই একই সময়ে একটিও সাদা আলো ব্যবহার করেন তবে লাল আলো ব্যবহারের উদ্দেশ্য বিফলে যাবে।
- অনেক নিশাচর প্রাইমেটদের চোখে একটি প্রতিফলিত স্তর থাকে, যা আলোর ব্যবহারে তাদের সহজেই চিহ্নিত করা যায়। মনে রাখবেন যে ক্ষীণ আলোও চোখের উজ্জ্বলতা প্রতিফলিত করবে, তাই শক্তিশালী হেডল্যাম্পের প্রয়োজন নেই।
- রাতে বন্যপ্রাণী অবলকোনের জন্য হাঁটার আগে ব্রিফিংয়ের জন্য আপনার পর্যাপ্ত সময় আছে তা নিশ্চিত করুন।

## দেখতে যাওয়ার পরে

- আপনার মোবাইল ফোন বন্ধ রাখুন।
- কীভাবে সঠিকভাবে হেডল্যাম্প ব্যবহার করতে হবে সে বিষয়ে আপনার গ্রুপের সাথে আলোচনা করুন, এবং নিশ্চিত করুন যে সবাই আগে এটিকে ব্যবহার করেছে।
- কিভাবে হেডল্যাম্পের আলোর দিক এবং রঙ পরিবর্তন করতে হয় তা আপনার গ্রুপকে মনে করিয়ে দিন।

- মনে রাখবেন যে আপনার আলোর উৎসটি শুধুমাত্র আপনার চোখের কাছে থাকলেই আপনি প্রাণীর চোখের উজ্জ্বল প্রতিফলন দেখতে পাবেন, তাই যদি হ্যান্ডহেল্ড টর্চ ব্যবহার করেন তবে এটি চোখের কাছাকাছি ধরে রাখুন।
- মনে রাখবেন যে সমস্ত নিশাচর প্রাণীর চোখ আলোতে উজ্জ্বল হয় না (টারসিয়ারের হয় না)।

**নিশাচর বানর গোত্রীয় প্রাণী দেখার সময়**

- প্রাইমেট এবং অন্যান্য বন্যপ্রাণীকে বিরক্ত না করার জন্য ধীরে ধীরে এবং শান্তভাবে হাঁটুন, অংশগ্রহণকারীদের প্রাকৃতিক আবাসস্থলে আরও প্রাণী প্রজাতি দেখার সুযোগ করে দিন।

● নিরাপত্তার জন্য শুধুমাত্র পাহাড়ি ও বিপদজনক এলাকায় হাঁটার সময় সাদা-আলোর উৎস ব্যবহার করুন। আপনি প্রাইমেট বা অন্য কোন প্রাণী খুঁজে পেলে লাল আলো ব্যবহার করতে ভুলবেন না।

● প্রাণীর সাথে কাটানো সময় এবং বিরক্তি কমাতে প্রতিটি প্রাণীর উপর আলোকপাতের সময় সীমিত করুন। আমরা সর্বাধিক ৫ মিনিটের পরামর্শ দিই।

● আপনি যদি ছবি তোলেন, তাহলে ফ্ল্যাশ ব্যবহার করা থেকে বিরত থাকুন।

● আপনার এবং আপনার নিরাপত্তার জন্য আপনার আসা প্রাণী বা তাদের আশেপাশে যেকোন কিছু স্পর্শ করা থেকে বিরত থাকুন।

● যে কোনো প্রাণীর থেকে কমপক্ষে 7 মিটার (23 ফুট) দূরে থাকুন।

● প্রাইমেট দেখার জন্য গাছপালা ধ্বংস করা থেকে বিরত থাকুন।

● বনে কোন আবর্জনা বা শরীরিক বর্জ্য (থুথু, কাফ, সর্দি, মল, মূত্র) ফেলে রাখবেন না।

● প্রাইমেটদের কাছে ধূমপান করবেন না।

● ছবি তোলার ক্ষেত্রে প্রাইমেটদের ক্ষতির কারন হয় এমন কার্যকলাপ এড়িয়ে চলুন।

## আরও জানতে পড়ুন


Aure, B. and Escabi-Ruiz, C. M. 2005. Tarsier talk: tarsiers, hunters, and eco-tourism in Corella, Bohol. *Philippine Q. Culture Soc.* 33: 76–99.

Fuller, G., Raghanti, M. A., *et al.* 2016. A comparison of nocturnal primate behavior in exhibits illuminated with red and blue light. *App. Anim. Behav. Sci.* 184: 126–134.

Hall, M. I., Kamilar, J. M. and Kirk, E. C. 2012. Eye shape and the nocturnal bottleneck of mammals. *Proc. Roy. Soc. B* 279: 4962–4968.

Nyungwe National Park. 2021. *Stargazing tour in Nyungwe Forest.* Available online: https://www.insidenyungwenationalpark.com/stargazing-tour-in-nyungwe-forest/ [Accessed 12 May 2021].

Osterberg, P. and Nekaris, K. A. I. 2015. The use of animals as photo props to attract tourists in Thailand: a case study of the slow loris *Nycticebus* spp. *TRAFFIC Bull*. 27: 13–18.

Plumptre, A. J., Sterling, E. J. and Buckland, S. T. 2013. Primate census and survey techniques. In: *Primate Ecology and Conservation: A Handbook in Techniques*, E. J. Sterling, N. Bynum and M. E. Blair (eds.), pp. 10–26. Oxford University Press, Oxford.

Reuter, K. E. and Schaefer, M. S. 2016. Captive conditions of pet lemurs in Madagascar. *Folia Primatol.* 87: 48–63.

Svensson, M. S. and Bersacola, E. 2013. Sightings of thick-tailed greater galago *Otolemur crassicaudatus monteiri* (Bartlett in Gray, 1863) near Lake Mburo National Park, South Uganda. *Afr. Primates* 8: 63–66.



Nancy Ma's night monkey (*Aotus nancymaae*).
Photo credit B. Wittemann Entropica.

Svensson, M. S., Gursky, S., Maldonado, A. M. 2023. Recommendations for Responsible Nocturnal Primate-Watching. In: Waters, S., Hansen, M. F., *et al. Responsible Primate-Watching for Tourists*. IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions.